## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
## পবিস মানব সম্পদ পরিদপ্তর
## সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

তারিখঃ ১৪ মে, ২০২৫ খ্রি.

স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫১.০১৩.২৫. ১১১৮

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে নিম্নবর্নিত শূন্য পদে লোকবল নিয়োগ প্রদান/ প্যানেল তৈরীর নিমিত্তে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণের নিকট পদের পার্শে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্তপূরণ সাপেক্ষে অনলাইনে (http://brebhr.teletalk.com.bd )ওয়েব সাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | চাকুরী/ পদের ধরণ | পদের সংখ্যা (কম/বেশী) | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী নির্ধারিত বেতন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী (অন-প্রবেশন) [মহিলাদের জন্য সংরক্ষিত] | স্থায়ী | ৬৯০ (ছয়শত নব্বই) টি | ০২/০৬/২০২৫ খ্রিঃ তারিখে ১৮ হতে অনূর্ধ্ব ৩২ বছরের মধ্যে হতে হবে। | (ক) এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর গানিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার ও দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) টি শব্দ কম্পিউটার টাইপ করতে সক্ষম হতে হবে। | অন-প্রবেশনকালীন নির্ধারিত বেতন ১৮,৩০০/- (আঠারো হাজার তিনশত) টাকা, তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৯,২২০/- (উনিশ হাজার দুইশত বিশ) টাকা বেতন স্কেলে নির্ধারিত হবে। |
| ০২ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | চুক্তিভিত্তিক | ১৪৬০ (এক হাজার চারশত ষাট) টি | ০২/০৬/২০২৫ খ্রিঃ তারিখে ১৮ হতে অনূর্ধ্ব ২৫ বছরের মধ্যে হতে হবে। | (ক) প্রার্থীকে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর অবশ্যই যোগ,বিয়োগ,গুন ও ভাগ করার দক্ষতা থাকতে হবে এবং হাতের লেখা সুন্দর হতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, উত্তম চরিত্রের এবং সুন্দর ও সুঠাম দেহের অধিকারীসহ ভাল ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) গ্রাম-গঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে মিটার রিডিং গ্রহণ এবং বিল বিতরণের মানসিকতা থাকতে হবে এবং পবিস এর লক্ষ্য ও কর্মসূচি সম্পর্কে গ্রাহককে অবহিত করতে হবে।<br>(ঙ) বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই সাইকেল থাকতে হবে।<br>(চ) চূড়ান্তভাবে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০/- টাকা জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৪,৭০০/- (চৌদ্দ হাজার সাতশত) টাকা। এছাড়া চুক্তির নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত শর্তাবলীঃ**

০১। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২০/০৫/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে।

০২। Online-এ আবেদনের ক্ষেত্রে প্রদেয় পরীক্ষা ফিঃ
ক্রমিক নং ০১ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ০২ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk এর Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে। তবে ক্রমিক নং ০১ এ বর্ণিত পদে অনগ্রসর নাগরিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk এর Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৩। ১৮ বছর এর কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। ক্রমিক নং ০১ এ উল্লিখিত পদের ক্ষেত্রে (বিলিং সহকারী [অন-প্রবেশন]) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান অথবা ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অথবা শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটায় আবেদন করতে চাইলে Online-এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৫। ক্রমিক নং-০১ এ বর্ণিত (বিলিং সহকারী) (অন-প্রবেশন) পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রকল্প খাতে/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। প্রার্থীদের লিখিত (MCQ ও রচনামূলক) এবং ক্রমিক নং ০১ এ উল্লিখিত পদের জন্য কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৯। বাপবিবোর্ড কর্তৃপক্ষ শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।

১০। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে তার প্রার্থিতা বাতিল করা হবে।

১১। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরি লাভের ক্ষেত্রে অযোগ্যতা বলে গণ্য হবে।

১২। বাংলাদেশের নাগরিক নন এরূপ কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক অসততা, নৈতিকস্খলন এর কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১৩। চাহিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার বাপবিবোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। **Online-এ আবেদনের পদ্ধতিঃ**

(ক) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর আওতাধীন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নিয়োগ পরীক্ষায় আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে http://brebhr.teletalk.com.bd ঠিকানায় গিয়ে Online Application Form পূরণপূর্বক রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

(খ) Application Form পূরণ করার সময় প্রার্থীকে অবশ্যই Mandatory (লাল তারকা চিহ্নিত) Field গুলো পূরণ করতে হবে।

(গ) Application Form এ Color Photo এবং Signature Upload করার জন্য ৩০০x৩০০ Pixel কালার ছবি যা ১০০ KB এর অধিক হবে না এবং সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর করতে হবে (টাইপ/মুদ্রণ নয়) যা ৩০০x৮০ Pixel হতে হবে এবং কোনভাবেই ৬০ KB এর অধিক হবে না।

(ঘ) সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Submit বাটন-এ ক্লিক করে চূড়ান্তভাবে Application Form Submit করতে হবে।

(ঙ) চূড়ান্তভাবে Submission করার পরে User ID (যা এসএমএস এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী একটি Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(চ) অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বাপবিবোর্ডের ওয়েব সাইট (http://www.reb.gov.bd) নিয়মিত Visit করতে হবে। তাছাড়া আবেদন ফরম পূরণের ক্ষেত্রে কোন অসুবিধার সম্মুখীন হলে টেলিটক সিম হতে ১২১ এ কল করতে হবে অথবা vas.query@teletalk.com.bd কাস্টমার কেয়ারে যোগাযোগ করতে হবে।

(ছ) পরীক্ষার ফি জমা প্রদান: Applicant's Copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে নির্দিষ্ট সময়ের মধ্যে টেলিটকের Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে BREB নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্দিষ্ট পরিমাণ টাকা (শর্তাবলীর ক্রমিক নং-০২ অনুযায়ী) জমা দিতে হবে।
প্রথম SMS: BREBHR<SPACE> USER ID SEND TO 16222 নম্বরে পাঠাতে হবে।
Example: BREBHR 654789 SEND TO 16222
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে।
নির্দেশমতে প্রার্থী ২য় SMS এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন:
দ্বিতীয় SMS: BREBHR<SPACE>YES<SPACE>PIN SEND TO 16222
Example: BREBHR YES 12145214 SEND TO 16222 নম্বরে পাঠাতে হবে।
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদান নিষ্পন্ন হয়েছে মর্মে অবহিতকরণপূর্বক USER ID ও PASSWORD প্রদান করা হবে।

(জ) আবেদন শুরুর তারিখ ও সময়ঃ ২০/০৫/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে এবং আবেদনের সর্বশেষ তারিখ ও সময়ঃ ০২/০৬/২০২৫ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। তবে আবেদন ফরম পূরণের সর্বশেষ সময় পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধুমাত্র পরীক্ষার ফি জমা প্রদান করা যাবে।

(ঝ) পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র ও Admit Card (প্রবেশপত্র) প্রাপ্তি : Admit Card (প্রবেশপত্র) ডাউনলোড/প্রিন্ট করার নির্ধারিত সময়সীমা SMS/Online Notice এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে। পরবর্তীতে উক্ত USER ID ও PASSWORD ব্যবহার করে প্রার্থী Admit Card (প্রবেশপত্র) উপরিউক্ত ওয়েবসাইট (http://brebhr.teletalk.com.bd) থেকে ডাউনলোড/প্রিন্ট করতে পারবেন। উক্ত Admit Card (প্রবেশপত্র) এ পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র উল্লেখ থাকবে।

১৪/৫/২৫
পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।